গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৬/৩৭

তারিখ: ২ ফাল্গুন, ১৪২৩ বঃ
১৪ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ

## কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ২/২০১৬

বিষয়: **Maximum Power Point Tracker (MPPT) solar charge controller নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গ্লোবাল লজিস্টিকস ম্যানেজমেন্ট কো. Maximum Power Point Tracker (MPPT) solar charge controller নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন। আবেদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নরূপঃ-

(ক) **আবেদনকারির পরিচিতি:**

| | |
|---|---|
| আবেদনকারির নাম | গ্লোবাল লজিস্টিকস ম্যানেজমেন্ট কো. |
| আবেদনকারির ঠিকানা | বাড়ি নং-৬৬৫, রোড নং-০৮, কাওলার (নামাপাড়া), দক্ষিণ খান, ঢাকা-১২২৯। |
| টেলিফোন নম্বর | ০১৮১৯২৪৩১৩৭ |
| ই-মেইল ঠিকানা | mdfazlaalahi@gmail.com |

(খ) **রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:**

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Maximum Power Point Tracker (MPPT) solar charge controller |
| যে ভৌত অবস্থায় (Form)/ প্রকৃতিতে আমদানি করা হবে | CBU |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | চীন, ভারত |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | এইচ.এস.কোড ৮৫০৪.৪০.৯০; ৮৪৫৪.১০.০০; ৯০৩২.৮৯.০০; ৮৪৭৯.৮৯.০০ |
| রপ্তানিকারক বা সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম/ ঠিকানা - | (ক) নাম: Delta power Solutions india Pvt. Ltd.<br>(খ) ঠিকানা: Plot-11B, 13A, 37B, 38, 39A, Sector-05, Integrated Industrial Estate, Rudrapur, (Pant Nagar) U.S. Nagar Uttrakhand-263159, India<br>(গ) ই-মেইল: deltaindia@delta.co.in<br>(ঘ) ওয়েব ঠিকানা: www.deltapowersolutions.com |

২। **আমদানিয় পণ্যের বিবরণ:**

আবেদনকারি কর্তৃক সরবরাহকৃত দলিলাদি পর্যালোচনায় দেখা যায় বর্ণিত Maximum Power Point Tracker (MPPT) solar charge controller হচ্ছে মূলতঃ Solar Charge Controller এবং Maximum Power Point Tracker (MPPT) এর সমন্বয়ে গঠিত একটি Device। যেখানে Maximum Power Point Tracker (MPPT) এক ধরণের electronic DC to DC converter, যার মাধ্যমে solar array (PV panels) এবং battery bank or utility grid এর voltage এর মাঝে সমন্বয় সাধন করে। MPPT or Maximum Power Point Tracking হচ্ছে একধরণের algorithm যেখানে charge controllers কে PV module থেকে maximum power কে extracting এর মাধ্যমে available করার কাজে ব্যবহার করা হয়। যে voltage এ PV module সর্বোচ্চ power উৎপাদন করতে পারে তাকে maximum power point বলে। Maximum power point নির্ভর করে solar radiation, ambient temperature এবং solar cell temperature এর উপর।। আর Solar Charge Controller হচ্ছে voltage and/or current regulator যার মাধ্যমে Battery এর

overcharging রোধ করা হয়। PV module থেকে maximum power কে extracting এর মাধ্যমে available করার জন্য MPPT এর মূলনীতি হচ্ছে PV module কে most efficient voltage বা maximum power point এ চালিত করা। এ কার্যসম্পাদনে MPPT, PV module এর output কে battery voltage এর সাথে তুলনা করে সর্বোত্তম power টি নির্ধারণ করে যা PV module উৎপাদন করে এবং converts করে best voltage এ রূপান্তর করে maximum current কে battery তে সরবরাহের মাধ্যমে battery কে charge করার ব্যবস্থা করে। MPPT এর সাথে সরাসরি battery এর সংযোগ থাকে এবং এটি DC load এ power supply করতে পারে। আধুনিক MPPT গুলো microprocessor controller ব্যবহারের মাধ্যমে solar panel এর PV module এবং battery এর মধ্যে voltage adjustments এর কাজটি করে। উপরোক্ত বর্ণনা ও ব্যাখ্যা পর্যালোচনা করে MPPT solar charge controller পণ্যটি তার মধ্যে স্থাপিত programming অর্থাৎ logic, sequencing, timing , counting এবং arithmetic ইত্যাদি ব্যবহার করে তার কাজ সম্পন্ন করে। অর্থাৎ এখানে মূল কাজ হচ্ছে Electric Programmable Control of Electricity।





**Figure: How to set system configuration of MPPT solar charge controller**

৩। **<u>আমদানিয় পণ্যের ব্যবহার/উপযোগিতা:</u>**

আবেদনকারি কর্তৃক সরবরাহকৃত দলিলাদি, ইন্টারনেট হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করত: আমদানিয় পণ্য অর্থাৎ Maximum Power Point Tracker (MPPT) solar charge controller এর ব্যবহার বা উপযোগিতা সম্পর্কে নিম্নরূপ তথ্য পাওয়া যায়: MPPT, PV module এর output কে battery voltage এর সাথে তুলনা করে সর্বোত্তম power টি নির্ধারণ করে যা PV module উৎপাদন করে এবং converts করে best voltage এ রূপান্তর করে maximum current কে battery তে সরবরাহের মাধ্যমে সল্প সময়ে কার্যকরভাবে battery কে charge করার ব্যবস্থা করে। এটি ব্যবহারের মাধ্যমে শীত, গ্রীষ্ম, বর্ষা সকল সময়ে Solar Power System এ সর্বোচ্চ ফলাফল পাওয়া যায়।

৪। **<u>বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:</u>**

**(ক) এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালার আলোকে পর্যালোচনা:**

কোন একটি আমদানিয়/ রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes ও Chapter Notes পর্যালোচনা করা আবশ্যক।

বর্ণিত Maximum Power Point Tracker (MPPT) solar charge controller এর শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্তরূপ এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, Harmonized System Explanatory Notes, Volume-5 এর পৃষ্ঠা- XVIII-9032-4 এর Heading Note এ উল্লেখ আছে, This heading alos excludes: (b) “Programmable controller” of heading 85.37।

বস্তুতঃপক্ষে আধুনিক MPPT গুলো microprocessor controller এর ব্যবহারের মাধ্যমে programming অর্থাৎ logic, sequencing, timing , counting এবং arithmetic ইত্যাদি ব্যবহার করে solar panel এর PV module এবং battery এর মধ্যে voltage adjustments এর কাজটি করে। অর্থাৎ এখানে মূল কাজ হচ্ছে Electric Programmable Control of Electricity। যেহেতু Explanatory Notes এ হেডিং ৯০.৩২ হতে Programmable controller কে exclude করে হেডিং

৮৫.৩৭ ভুক্ত করা হয়েছে সেহেতু আলোচ্য পণ্যটি হেডিং ৮৫.৩৭ এর অধীন ভোল্টেজ এর উপর ভিত্তি করে শ্রেণিবিন্যাসযোগ্য হবে।

**(খ) প্রাপ্ত তথ্যাদির আলোকে পণ্যটির সঠিক এইচ.এস.কোড:**

আবেদনে বর্ণিত পণ্যের বিষয়ে পর্যালোচনা ও বিশ্লেষণের জন্য গত ০৬/১২/২০১৬ খ্রিঃ তারিখ জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং ইউনিটের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্য পণ্যের ক্যাটালগ, আবেদনকারির বক্তব্য, ইউনিট সদস্যদের মতামত, ইন্টারনেট হতে প্রাপ্ত তথ্য, এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা এবং বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (যা সাধারণত: কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ফার্স্ট শিডিউল নামে সমধিক পরিচিত) এর ব্যাখ্যার আলোকে বর্ণিত পণ্যটির সম্ভাব্য এইচ.এস.কোড পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য Maximum Power Point Tracker (MPPT) solar charge controller নামক পণ্যটি হেডিং ৮৫.৩৭ এর অধীন ভোল্টেজ এর উপর ভিত্তি করে এইস.এস.কোড ৮৫৩৭.১০.৯৯ বা ৮৫৩৭.২০.০০ এ শ্রেণিবিন্যাসিত হওয়া অধিকতর যুক্তিযুক্ত।

৫। **অগ্রিম রুলিং:**

গ্লোবাল লজিস্টিকস ম্যানেজমেন্ট কো. কর্তৃক আমদানিয় Maximum Power Point Tracker (MPPT) solar charge controller নামক পণ্যটি Electric Programmable Control of Electricity হিসেবে হেডিং ৮৫.৩৭ এর অধীন ভোল্টেজ এর উপর ভিত্তি করে এইস.এস.কোড ৮৫৩৭.১০.৯৯ বা ৮৫৩৭.২০.০০ এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৬। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:**

এই অগ্রিম রুলিং টি জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৭। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**

(ক) গ্লোবাল লজিস্টিকস ম্যানেজমেন্ট কো. এই অগ্রিম রুলিং টি এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং-এ সংক্ষুব্ধ হলে গ্লোবাল লজিস্টিকস ম্যানেজমেন্ট কো. রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট এর নিকট লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ উদ্দিন)
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট
ও
সদস্য, গ্রেড-১ (কাস্টমস নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড।

**প্রাপক:**

**কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ বেনাপোল/ আইসিডি/ মংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৬/ ৬৭

তারিখ: ২ ফাল্গুন, ১৪২৩ বঃ
১৪ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
২২-২৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
২৪। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৭। ডিরেক্টর, হামিদ ফেব্রিক্স লিঃ, হামিদ টাওয়ার, ২৪ গুলশান বা/এ সার্কেল-২, ঢাকা-১২১২।
২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
২৯। অফিস কপি/ গার্ড নথি।

২২.০২.১৯

(মোঃ শরফুদ্দিন মিঞা)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও
দ্বিতীয় সচিব
(কাস্টমসঃ ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং)
জাতীয় রাজস্ব বোর্ড।
ই-মেইলঃ sharfuddin009nbr@gmail.com